2 9 JUN 1997
পৃষ্ঠা ... ৭ কলাম ১
১৪ই আষাঢ় ১৪০৪ বং

234

# উপজেলা পরিক্রমা

## দামুড়হুদা

কুষ্টিয়া, ২৮ জুন (সংবাদদাতা)।— বৃহত্তর কুষ্টিয়া জেলার (বর্তমান চুয়াডাঙ্গা জেলা) একটি অবহেলিত জনপদের নাম দামুড়হুদা। ১৮৫৯ সালে দামুড়হুদাতে একটি মহকুমা স্থাপিত হয়। দামুড়হুদা মাথাভাঙ্গা নদী তীরে একটি বাণিজ্য কেন্দ্র ছিল। এখনও সেখানে মহকুমা কাচারীবাড়ীর ধ্বংসাবশেষ দেখতে পাওয়া যায়। ১৮৬২ সালে শিয়ালদহ (বর্তমানে ভারতের পশ্চিমবঙ্গের অন্তর্গত) থেকে কুষ্টিয়া পর্যন্ত রেল লাইন চালু হলে মহকুমার সদর অফিস চুয়াডাঙ্গায় স্থানান্তরিত করা হয়।

১১৯ বর্গ মাইল আয়তন বিশিষ্ট এই উপজেলা ৭টি ইউনিয়ন ও ৮১টি মৌজা নিয়ে গঠিত। মোট জনসংখ্যা ১,৭২,০৫৭ জন। পুরুষ ৮৮,১৬৬ ও মহিলা ৮৩,৮৯১ জন।

### যোগাযোগ

দামুড়হুদা উপজেলার রাস্তাঘাটের অবস্থা অত্যন্ত শোচনীয়। মোট রাস্তার পরিমাণ ১৭৭ মাইল। তন্মধ্যে পাকা ১২ মাইল, সেমি পাকা ১০ মাইল ও কাঁচা ১৫৫ মাইল। এ উপজেলায় ৩টি রেল স্টেশন, ১২টি বাস স্টেশন আছে। কোন বাসস্টেশনেই যাত্রী ছাউনী নেই।

### শিক্ষা

এ উপজেলার প্রায় শিক্ষা প্রতিষ্ঠানে প্রয়োজনীয় চেয়ার, বেঞ্চ, টেবিল ও বিভিন্ন শিক্ষা সামগ্রীর অভাব রয়েছে। প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৬৯টি, হাইস্কুল ১৭টি, কলেজ ১টি ও মাদ্রাসা ৬টি। উপজেলায় শিক্ষিতের হার শতকরা ১৬.৪।

### চিকিৎসা

উপজেলায় ১টি উপজেলা স্বাস্থ্য প্রকল্পের ২৫ বেডের হাসপাতাল, দাতব্য চিকিৎসালয় ৭টি, মাতৃসদন ৩টি, মিশনারী হাসপাতাল ১টি। হাসপাতালে এ্যাম্বুলেন্স, জীবনরক্ষাকারী ও এন্টিবায়োটিক ওষুধের অভাব রয়েছে।

### হাট-বাজার

এ উপজেলায় মোট ৪টি দৈনিক হাট-বাজার ও ১০টি সাপ্তাহিক হাট রয়েছে। প্রয়োজনীয় সংস্কার ও সম্প্রসারণের অভাবে বাজারের ক্রেতা-বিক্রেতা উভয়কেই দুর্ভোগ পোহাতে হচ্ছে। কাঁচা বাজারগুলোতে শেডের অভাব রয়েছে। বাজারে পানি নিষ্কাশনের কোন ব্যবস্থা না থাকায় সামান্য বর্ষণেই পানি জমে কর্দমাক্ত হয়ে যায়।